



বাউবি/পরীক্ষা/BBS/১১৩/২০০৮/২৭৬২

তারিখ : ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক
আঞ্চলিক কেন্দ্র সকল
বাউবি।

বিষয় : বিবিএস পরীক্ষা-২০২১ এর ফলাফল পুনঃনিরীক্ষণ/পুনঃপরীক্ষা/অভিযোগ প্রসঙ্গে।


জনাব


বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিবিএস পরীক্ষা-২০২১ এর ১ম, ২য় ও ৩য় বর্ষের বিষয়ভিত্তিক ফলাফল ও চূড়ান্ত ফলাফল প্রকাশিত হয়েছে। যে সকল শিক্ষার্থী ফলাফল পুনঃনিরীক্ষণ/পুনঃপরীক্ষার আবেদন করতে ইচ্ছুক তাদের কে অনলাইনে আবেদন করতে হবে। বিবিএস পরীক্ষা-২০২১ এর ফলাফলের পুনঃনিরীক্ষণ/পুনঃপরীক্ষা/অভিযোগ সংক্রান্ত আবেদন ফরম exam.bou.ac.bd ওয়েব সাইটে পাওয়া যাবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমাদানের নিয়মাবলী দেয়া আছে)। উক্ত ফরম পূরণের সময়সীমা আগামী ১১/০৮/২০২৪ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। ফরম যথাযথভাবে পূরণ করে উল্লেখিত ওয়েব ঠিকানায় প্রেরণ করতে হবে এবং মোবাইল ক্যাশ "নগদ" এর মাধ্যমে পুনঃনিরীক্ষা ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও পুনঃপরীক্ষার ফি বাবদ ২১০/- (দুইশত দশ টাকা) পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখের পর কোনো আবেদন ফি জমা দেয়া যাবে না।

কোনো পরীক্ষার্থীর ফলাফল সংক্রান্ত কোনো অভিযোগ থাকলে অন-লাইনে অভিযোগ করতে হবে। ফলাফল সংক্রান্ত অভিযোগ ফরম উল্লেখিত ওয়েব ঠিকানায় পাওয়া যাবে এবং উপরিলিখিত সময়ের মধ্যেই আবেদন জমা দিতে হবে।

বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ,


অধ্যাপক ড. মো: মোহসীন উদ্দিন
পরীক্ষা নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৫।



সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি :

৪. ডীন, ওপেন স্কুল, বাউবি।

৫. পরিচালক, এস.এস.এস. বিভাগ, বাউবি, গাজীপুর।

✓ পরিচালক (ভারপ্রাপ্ত), কম্পিউটার বিভাগ, বাউবি। (পত্রটি বাউবির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)।